

💵 কুরআনে কারীম ও সহীহ সুন্নাহর আলোকে গুনাহ্ মাফের আমল

বিভাগ/অধ্যায়ঃ ৪. সালাতের অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. ৭. কিয়ামূল লাইল (রাতের বেলায় নফল ইবাদত)

আখেরাতের সন্ধানে ব্যস্ত সচেষ্ট মুমিনগণ রাতের বেলায় খুব কমই ঘুমান; কারণ, তারা রাতের বেলায় নফল ইবাদতে তৎপর থাকেন; ফলে তাদের চেহারা হয়ে যায় উজ্জ্বল এবং অন্তর হয়ে যায় পবিত্র। আল্লাহ তা'আলা বলেন:

﴿ إِنَّ ٱلدَّمُتَّقِينَ فِي جَنَّت وَعُيُونٍ ١٥ ءَاخِذِينَ مَآ ءَاتَلهُم اَ رَبُّهُم اَ اِنَّهُم اَ اِنَّهُم اَ كَانُواْ قَبِلَ لَلِكَ مُحاسِنِينَ ١٦ كَانُواْ قَلِيلًا مِّنَ ٱلَّيال مَا يَها جَعُُونَ ١٧ وَبِٱلثَّأُساءَالِ هُم اَ يَساتَغافِرُونَ ١٨ ﴾ [الذاريات: ١٥، ١٨]

"নিশ্চয় মুত্তাকীরা থাকবে জান্নাতসমূহে ও ঝর্ণাধারায়, গ্রহণ করবে তা যা তাদের রব তাদেরকে দিবেন; নিশ্চয় ইতোপূর্বে তারা ছিল সৎকর্মশীল, তারা রাতের সামান্য অংশই অতিবাহিত করত নিদ্রায়, আর রাতের শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত।"[1]

আর 'কিয়ামুল লাইল' তথা রাতের বেলায় নফল ইবাদতের ফযীলত এবং মুসলিম ব্যক্তির আচার-আচরণ ও তার ভবিষ্যৎ জীবনের উপর তার প্রভাব প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন:

« عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ ، فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ ، وَقُرْبَةٌ إِلَى اللَّهِ ، وَمَنْهَاةٌ عَنِ الإِثْمِ ، وَتَكْفِيرٌ لِلسَّيِّئَاتِ ، وَمَطْرَدَةٌ لِلدَّاءِ مِنَ الْجَسَدِ » . (أخرجه الحاكم و البيهقي) .

"তোমাদের কর্তব্য হলো রাত জেগে নফল ইবাদত করা; কারণ, তা তোমাদের পূর্ববর্তী সংব্যক্তিগণের স্বভাব ও আল্লাহর নৈকট্য লাভের উপায়; আর পাপকাজ থেকে বিরত রাখে, গুনাহসমূহ মোচন করে এবং শরীর থেকে রোগ-ব্যাধি দূর করে।"[2]

ফুটনোট

- [1] সূরা আয-যারিয়াত, আয়াত: ১৫ ১৮
- [2] হাকেম (১/৩০৮), বায়হাকী (২/৫০২) ও অন্যান্য মুহাদ্দিস প্রমুখ হাদিসটি আবৃ উমামা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণনা করেছেন।

আমি বলি: হাদিসটির সনদের মধ্যে সামান্য দুর্বলতা রয়েছে, তবে হাদিসটি 'হাসান' পর্যায়ের, যেমনটি ব্যাখ্যা করেছেন আমাদের শাইখ আলবানী রহ., দেখুন: ইরওয়াউল গালীল (إرواء الغليل): 8৫২



আর নবী সাল্লাল্লাহ্ ওয়াসাল্লামের বাণী: ﴿ وَزِيَادَةُ ثَلَائَةِ أَيَّامٍ » এর অর্থ: সৎকাজের প্রতিদান হল তার দশ গুণ; সুতরাং এক জুমু'আ থেকে আরেক জুমু'আ পর্যন্ত হল সাত দিন এবং তার সাথে অতিরিক্ত তিন দিন মিলে মোট দশ দিন, আর আল্লাহ তা'আলা যাকে ইচ্ছা তাঁর অনুগ্রহ দান করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10484

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন